**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:28-07–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Jishnu Debbarma :**

তেলেঙ্গানার নতুন রাজ্যপাল হচ্ছেন ত্রিপুরার প্রাক্তন উপমুখ্যমন্ত্রী তথা বিজেপির বরিষ্ঠ নেতা যীষ্ণু দেব্বর্মা। রাষ্ট্রপতি ভবন থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ খবর জানানো হয়েছে। রাজ্যপাল হিসেবে নিযুক্তি পাওয়ার পর সামাজিক মাধ্যম x হ্যান্ডেলে শ্রী দেব্বর্মা রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি কৃত্তজ্ঞতা ব্যক্ত করেছেন। তিনি বলেন স্বাধীনতার পর প্রথমবার এই রাজ্য থেকে কোনো ব্যক্তি এই মর্যাদা পেয়েছে। সেটা রাজ্যের জন্য অত্যন্ত গর্বের বিষয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা শ্রী দেব্বর্মাকে রাজ্যপাল হিসেবে নিযুক্তির জন্য শুভেচ্ছা জানিয়েছেন।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানের ১১২তম পর্বে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে

পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*************************

**Chief Ministers Conclave :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সহ দেশের অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীরা গতকাল নতুন দিল্লিতে বিজেপির প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত কংক্লেভে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কর্তৃক চালু করা 'আমার সরকার' ওয়েব পোর্টালের প্রশংসা করেন। এই কংক্লেভে সমস্ত অংশগ্রহণকারী রাজ্যগুলির মধ্যে পাঁচটি সেরা কাজের উপলব্ধির মধ্যে আমার সরকার পোর্টালটি নির্বাচিত হয়। উল্লেখ্য মুখ্যমন্ত্রী শ্রী সাহা কংক্লেভে বক্তব্য রাখতে গিয়ে পোর্টাল টি সাফল্যের তথ্য তুলে ধরেন। মুখ্যমন্ত্রীদের কংক্লেভে বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা সহ ২০জনের বেশি মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীরা উপস্থিত ছিলেন।

**************************

**Nipun Tripura :**

জাতীয় শিক্ষানীতি ২০২০-র চতুর্থ বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে সাতদিন ব্যাপী শিক্ষা সপ্তাহ আজ শেষ হচ্ছে। আজ বিভিন্ন বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে শিক্ষক অভিভাবক সম্মেলন। উল্লেখ্য শিক্ষা সপ্তাহে বিভিন্ন পদ্ধতির মাধ্যমে ছাত্র ছাত্রীদের নতুন নতুন বিষয় শেখানো হয়।

*****************************

**PM-NITI Aiyog :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল নীতি আয়োগের বৈঠকে বলেছেন যে ২০৪৭ সালের বিকশিত ভারত প্রত্যেক ভারতীয়র উচ্চাকাঙ্ক্ষা। তিনি বলেন, এই দশক পরিবর্তনের, প্রযুক্তিগত ও ভূ-রাজনৈতিক এবং সুযোগের দশক। শ্রী মোদী বলেন, দেশ সঠিক পথে এগোচ্ছে, দেশ মহামারীকে পরাজিত করেছে। তিনি বলেন, দেশবাসী উদ্দীপনা ও আত্মবিশ্বাসে ভরপুর। প্রধানমন্ত্রী বলেন, সব রাজ্যের সম্মিলিত প্রচেষ্টায় ২০৪৭ এ বিকশিত ভারতের স্বপ্ন পূরণ হতে পারে এবং বিকশিত রাজ্যগুলি বিকশিত ভারত তৈরি করবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বৈঠকে যোগ দেন।

******************************

**CM-NITI Aiyog :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল নয়াদিল্লিতে নীতি আয়োগের জেনারেল কাউন্সিলের বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে বলেন যে, রাজ্যের সার্বিক বিকাশে ত্রিপুরা সরকার 'লক্ষ্য-২০৪৭' পরিকল্পনা বাস্তবায়নে বিভিন্ন ক্ষেত্রে কিছু সূচক ধার্য্য করা হয়েছে। লক্ষ্য-২০৪৭ বাস্তবায়নে প্রধানমন্ত্রীর হীরা প্লাস মডেলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে।

নীতি আয়োগের বৈঠকে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী বলেন আলোচনা ও সিদ্ধান্ত দেশের যুক্তরাষ্ট্রীয় পরি কাঠামোকে শক্তিশালী করে আরো অনেক দূর এগিয়ে নিয়ে যাবে। তিনি জল জীবন মিশন, শিক্ষা ক্ষেত্রে বছর বাঁচাও, স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন অগ্রগতি, ত্রিপুরা পাওয়ার ডিস্ট্রিবিউশন স্ট্রেংথেনিং অ্যান্ড জেনারেশন এফিসিয়েন্সি

প্রজেক্ট', পি.এম-জনমন-এর অধীনে, রিয়াং সম্প্রদায়ের ৩ হাজার ৬১৮টি পরিবারের জন্য ইতিমধ্যেই বিদ্যুতায়ন এবং ব্রু সেটেলমেন্ট প্রোগ্রামের অধীনে ৪হাজার ৫১২ ঘরে বিদ্যুতায়ন এর বিষয়ে গভর্নিং কাউন্সিলকে অবহিত করেন।

***************************

**Lok Adalat-Belonia :**

বিশেষ লোক আদালতে একদিনে নিস্পত্তি হল ৪৮৩টি মামলা। গতকাল বিলোনিয়া আদালত চত্বরে এই লোক আদালত বসে। দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত এই লোক আদালতে বিবাহ বিরোধ সংক্রান্ত ৫০টি মামলা, চেক বাউন্স সংক্রান্ত ছয়টি মামলা, ব্যাঙ্ক ঋণ সংক্রান্ত ২৪টি মামলা এবং ট্রাফিক বিধি অম্যান্য সহ অন্যান্য মামলা ৮৬০টি শুনানির জন্য তোলা হয়। জেলা আইনসেবা কর্তৃপক্ষ জানিয়েছে, লোক আদালতে দুই লক্ষ ৬০ হাজার ৮৫০ টাকা আদায় হয়েছে।

*****************************

**All India Federation of Diploma Engineer :**

আগরতলা সুকান্ত একাডেমির অডিটোরিয়াম হলে গতকাল অল ইন্ডিয়া ফেডারেশন অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়াদের পঞ্চম ন্যাশনাল এক্সেকিউটিভ মিটিং অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক জয়ন্ত চক্রবর্তী, কষাধক্ষ অভিজিৎ গুপ্ত প্রমুখ। সভায় সংগঠনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয় এবং আগামীদিনের কার্যক্রমের রূপরেখা তৈরী করা হয়।

*******************************

**Independence Day meeting-Kamalpur :**

কমলপুর মহকুমাতে স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করার লক্ষ্যে গতকাল কমলপুর মহকুমা শাসকের সভা কক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমলপুর মহকুমার মহকুমা শাসক এল দার্লং। এছাড়াও উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা এবং মহকুমার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রমুখ।

*****************************

**Eco Club Activities :**

শিক্ষা সপ্তাহের ষষ্ঠ দিনে গতকাল দক্ষিন জেলার সাব্রুমের শ্রীনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও ইকো ক্লাবের উদ্যোগে বৃক্ষরোপন এবং ছাত্রছাত্রীদের মধ্যে তিনটি বিষয়ে বিতর্ক ও ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন স্কুলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সেনাজিৎ চৌধুরী, সিনিয়র শিক্ষক বাবুল দাস, অপাংশু দেবনাথ ও ইকো ক্লাবের কনভেনর অপূর্ব দাস প্রমুখ।

********************************

**Weather :**

আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় অল্প পরিমানে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৮ ডিগ্রি সেলিসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রি সেলিসিয়াসের কাছাকাছি।

*********************************